**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**7 June 2026** **7:45 PM IST**

==========================================================================

১) রাজ্যের নব নিযুক্ত মন্ত্রীদের জেলাসমূহের অভিবাবক মন্ত্রীর দায়িত্ব অর্পন ।

২) রাজ্য সরকারের ২ লক্ষ সরকারী চাকুরী সৃষ্টির জন্য যাবতীয় প্রক্রিয়া আরম্ভ ।

৩) ইউরোপীয় ইউনিয়নের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের আগামীকাল ও আগামী মংগলবার আসাম সফর ।

৩) নিম্ন ও উচ্চ মাধ্যমিকে বড়ো , গারো , মণিপুরী ও মার মাধ্যমের জন্য আগামী ২৮ শে জুন বিশেষ টেটের লিখিত পরীক্ষা ।

রাজ্যের নবনিযুক্ত মন্ত্রীদের জেলাসমূহের অভিবাবক মন্ত্রীর দায়িত্ব অর্পন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । সেই অনুযায়ী কৃষেন্দু পালকে কাছাড় , ডিমাহাসাও , কৌশিক রাইকে শ্রীভূমি তথা হাইলাকান্দি জেলার দায়িত্ব , রামেশ্বর তেলীকে তিনসুকিয়া ও যোরহাট , অতুল বরাকে কামরুপ মহানগর ,ও ধেমাজী , চরণ বরোকে কোকরাঝার , বাক্সা , চিরাং , অজন্তা নেওগকে মরিগাও , কামরুপ ও অশ্বিনী রায় সরকারকে বঙাইগাও ও বরপেটা জেলার অভিবাবক মন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে । এক ইভাবে অশোক সিংহলকে দরং , ধুবরী , বিমল বরাকে শিবসাগর , চরাইদেউ , বিশ্বজিৎ দৈমারীকে নলবারী শোনিতপুর , জয়ন্ত মল্ল বরুয়াকে তামুলপুর , গোয়ালপারার দায়িত্ব দেওয়া হয়েছে । এদিকে মন্ত্রী কেশব মহন্তকে দক্ষিণ শালমারা মানকাচর ও উত্তর লখিমপুর , নিলীমা দেবীকে বজালী , ওদালগিরি , পীযুষ হাজারিকাকে নগাও , হোজাই , কার্বি আংলং , পশ্চিম কার্বি আংলং , ডা: রণোজ পেগুকে বিশ্বনাথ , গোলাঘাট ও সুশান্ত বরগোহাইকে মাজুলী ও ডিব্রুগড় জেলার দায়িত্ব দেওয়া হয়েছে । মন্ত্রীরা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সংগে সমন্বয় রক্ষা করে উন্নয়ন , সুশাসন ও সমৃদ্ধির যাত্রাকে অধিক গতিশীল করবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন ।

---

রাজ্য সরকারের নির্বচনী প্রচারে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী ২ লক্ষ সরকারী চাকুরি সৃষ্টির জন্য যাবতীয় প্রক্রিয়া আরম্ভ করেছে । সেই অনুযায়ী রাজ্য সরকারের কর্মচারী বিভাগ সব প্রশাসনিক বিভাগের

প্রবীন সচিবদের পত্র প্রেরণ করে খালী থাকা পদের বিস্তারিত তথ্য ১৭ জুনের মধ্যে দাখিল করতে নির্দেশ দিয়েছে ।নতুন রাজ্য সরকার প্রথম কেবিনেট বৈঠকে আগামী ৫ বছরে ২ লক্ষ চাকুরী সৃষ্টির বিষয়টি ত্বরান্বিত করার জন্য মুখ্য সচিবের নেতৃত্বে টাস্কফোর্স গঠন করেছে । মুখ্যসচিব ড: রবি কোটার নেতৃত্বে গত ২৭ শে মে টাস্ক ফোর্সের প্রথম বেঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে আগামী পাচ বছরে ২ লক্ষ সরকারী চাকুরী সৃষ্টির রুপরেখার প্রস্তুতি সম্পর্কে আলোচনা করা হয় ।

---

ইউরোপীয় ইউনিয়নের উচ্চপর্যায়ের এক প্রতিনিধিদল আগামীকাল দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন । ইউরোপ ও ভারতের উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে বানিজ্য , বিনিয়োগ এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষে এই সফর বলে ই-ইউ এর প্রকাশিত এক বিবৃতিতে জানানো হয়েছে ।প্রতিনিধি দল আগামী মংগলবার অনুষ্ঠেয় ব্লু ভ্যালিজ : বিল্ডিং ইকোসিস্টেমস এন্ড ভ্যালু চেইন্স বিটুইন ইন্ডিয়া এন্ড ইউরোপ শীর্ষক কর্মশালায় অংশ নেবেন ।এই সফর উপলক্ষে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে ই- ইউ প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে বলেন এই সফর ভারত ই-ইউ সম্পকর্কে আরো সুদৃঢ করবে এবং বানিজ্যিক সম্পর্ক ও অভিন্ন উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচন করবে ।

---

জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী সানায়ে তাকাইসি গুয়াহাটীতে অনুষ্ঠেয় ভারত - জাপান মৈত্রী আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করতে আগামী পয়লা জুলাই আসামে আসছেন ।দোসরা জুলাই এই সম্মেলন অনুষ্ঠিত হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সহ কেন্দ্রীয় মন্ত্রীসভার বেশ কয়েকজন সদস্য ও উচ্চপদস্থ আধিকারীকরা এই সম্মেলনে অংশগ্রহণ করবেন ।ভারতের সঙ্গে জাপানের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার প্রয়াস হিসেবে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে ।এই সম্পর্কে রাজ্যের মন্ত্রী নিলীমা দেবী সংবাদিকদের জানান ----------

# বাইট #

এই সম্মেলনকে কেন্দ্র করে ইতিমধ্যে দিল্লী সহ দিসপুরেও বিশেষ তৎপরতা আরম্ভ হয়েছে । কেন্দ্রের কাছ থৈকে এই সম্পর্কে অনুমোদন লাভ করার পর মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নেতৃত্বাধীন মিত্রজোঁট সরকার ভারত - জাপান আন্তর্জাতিক মৈত্রী সম্মেলন সুষ্ঠুভাবে আয়োজন করার জন্য ইতিমধ্যে প্রয়োজনীয় পরিকল্পনা প্রস্তুত করেছে । এই বিষয় নিয়ে গতকাল লোকসেবা ভবনে মুখ্যমন্ত্রীর অধ্যক্ষতায় রাজ্য মন্ত্রীসভার এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।উল্লেখ্য এই সম্মেলনে প্রতিরক্ষা , অর্থনৈতিক সুরক্ষা ইত্যাদি সহ বেশ কয়েকটি বিষয়ে উভয় দেশের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---

চলতি ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে রাজ্যের বিদ্যালয়গুলিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আসামের ইতিহাস ও ভূগোল বাধ্যতামূলক করা

হবে । এ সম্পর্কে বিদ্যালয়সমূহের পরিদর্শক ,জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক ,জেলা মিশন সমন্বয়ক এবং শিক্ষক শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষদের রাজ্য শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পর্ষদ এস সি ই আর টির পক্ষ থেকে নির্দেশ জারি করা হয়েছে । এরসঙ্গে পাঠ্যপুস্তক ,শ্রেণীকক্ষে পাঠদান মূল্যায়ন সম্পর্কীত নির্দেশনাও রয়েছে । এস সি ই আর টির সঞ্চালকের জারি করা নির্দেশনা অনুসারে দুটি বিষয়ের পাঠদান চলতি জুন মাস থেকেই হবে । এস সি ই আর টি ইতিমধ্যে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আসামের ইতিহাস ও আসামের ভূগোল শীর্ষক পাঠপুস্তকগুলি পৃথক পৃথকভাবে প্রণয়ন করে বের করেছে । মূলতঃ আসামের সমৃদ্ধ ইতিহাস ও ভৌগলিক বৈচিত্রের বিষয়ে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনের জন্য এই ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

চলতি বছরের প্রধানমন্ত্রী জাতীয় বাল পুরস্কারের জন্য সরকার আবেদন আহ্বান করেছে । আগামী ৩১ শে জুলাই আবেদন জমা দেবার শেষ দিন ধার্য করা হয়েছে । সাহসিকতা , সমাজসেবা , পরিবেশ , ক্রীড়া , কলা - সংস্কৃতি ও বিজ্ঞান প্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে প্রদর্শন করা ব্যাতিক্রমী কাজের জন্য রাষ্ট্রপতির মাধ্যমে শিশুদের এই সম্মানীয় পুরষ্কার প্রদান করা হয়ে থাকে । এয়ার্ডস . গভ . ইন এ জাতীয় পুরষ্কার পোর্টেলের মাধ্যমে এর জন্য আবেদন করআ যাবে বলে মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রনালয় প্রকাশ করেছে ।

---

নিম্ন এবং উচ্চ প্রাথমিকের বড়ো , গারো , মণিপুরি এবং মার মাধ্যমের জন্য আগামী ২৮ জুন বিশেষ টেটের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে । আসাম সরকারের রাজ্য পর্যায়ের অধিকার প্রাপ্ত টেট কমিটির এই সম্পর্কে জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ি পরীক্ষার্থীরা আগামী ১২ জুন সকাল ১১ টে থেকে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইট www.sebaonline.org থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন ।পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সঙ্গে যেকোন ফটোযুক্ত পরিচয়পত্র পরীক্ষার দিন সঙ্গে নিতে হবে ।এছাড়া পরীক্ষা কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন , কোনধরণের ইলেক্ট্রনিক সামগ্রী , ডিজিট্যাল ঘড়ি ইত্যাদি সঙ্গে রাখা যাবেনা ।

---

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ সুস্থ ভবিষ্যৎএর জন্য নিরাপদ এবং স্বাস্থ্য সম্মত খাদ্য নিশ্চিত করার ক্ষেত্রে সরকারের দায়বদ্ধতাকে পুনরায় সুদৃঢ়ভাবে ব্যক্ত করেছেন ।আজ বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস উপলক্ষে সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি নাগরিকদেরকে স্বাস্থ্যকর খাদ্যাভাস গ্রহণ করে সুস্থ ও আত্মনির্ভর ভারত গড়ে তোলার ক্ষেত্রে এগিয়ে আসার আহ্বান জানান । উল্লেখ্য প্রতি বছর সাত জুন রাষ্ট্রসঙ্ঘের খাদ্য ও কৃষি সংস্থাএবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা জাতীয় কর্তৃপক্ষ ,নাগরিক সমাজ সহ বিশ্বের অন্যান্য অংশগ্রহণকারীদের সঙ্গে মিলিত হয়ে বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস পালন করে ।এ বছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে - সমস্যা থেকে সমাধান পর্যন্ত সব স্থানে নিরাপদ খাদ্য ।

---

বরাক চা শ্রমিক ইউনিয়ন ও বরাক ভ্যালী চা যূব কল্যান সমিতির যৌথ উদ্যোগে আজ শিলচরের বরাক চা শ্রমিক ইউনিয়ন কার্যলয়ে উধারবন্দের নব নির্বাচিত বিধায়ক রাজদীপ গোয়ালা ও বরাক উপত্যকার বিভিন্ন চা বাগানে কর্মরত চা শ্রমিকদের যেসব ছেলে-মেয়ে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উর্ত্তীন হয়েছে , তাদেরকে সংবর্ধনা জানানো হয়েছে । সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় ছাত্র-ছাত্রীদের নিজেদের লক্ষ্যে অবিচল থেকে পড়াশুনা চালিয়ে যাওয়া এবং সমাজের কাজে নিজেদের নিয়োজিত রাখার আহ্বান জানান ।
সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা , বরাক চা যুব কল্যান সমিতির সভাপতি লালন প্রসাদ গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের এস সি এন্ড এস টি এমপ্লয়িজ ওয়েলফেয়ার এসোসিয়েশনের পক্ষ থেকে চলতি বছরের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় ৭০ শতাংশ বা তার বেশী নম্বর প্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের আজ শিলচর আম্বেদকর ভবন প্রেক্ষাগৃহে সংবর্ধনা জানানো হয়েছে । প্রথমে ডক্টর বি আর আম্বেদকরের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । সংবর্ধনা অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রাজীব মোহন পন্থ সহ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অজিত কুমার দাস , অধ্যাপক ডক্টর মনালী লংমাইলাই প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন , হাইলাকান্দি পুলিশ প্রশাসন এবং মহাবীর ইন্টারন্যাশনের যৌথ উদ্যোগে বিশ্ব সাইকেল দিবস উপলক্ষ্যে আজ হাইলাকান্দিতে এক বর্ণাঢ্য সাইকেল র‍্যালীর আয়োজন করা হয়েছে । হাইলাকান্দির পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , যুবক-যুবতী সহ জনসাধারন র‍্যালীতে অংশ গ্রহন করেন । জেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক শৈবাল সেনগুপ্ত পতাকা নেড়ে এই র‍্যালীর সূচনা করেন । র‍্যালীটি শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে নেতাজী মূর্তির পাদদেশে এসে শেষ হয় । র‍্যালীর মূল উদ্দেশ্যে ছিল সবুজ ভবিষ্যতের জন্য সাইকেল ব্যবহারে উৎসাহ যোগানো , ইন্ধন সঞ্চয় করা এবং পরিবেশ সংরক্ষনের বার্তা জনসাধারনের মধ্যে ছড়িয়ে দেওয়া ।